আপনার কি টিভি লাইসেন্স আছে?

কি কি সামগ্রীর জন্য আপনার টিভি লাইসেন্স থাকতে হবে?

টেলিভিশনের ছবি গ্রহণ করে এমন যে কোনো যন্ত্রসামগ্রী যেমন টেলিভিশন, সেট-টপ বক্স বা ডিভিও রেকর্ডার, কম্পিউটার বা মোবাইল ফোনে ব্যবহার করে টেলিভিশনের অনুষ্ঠান দেখতে বা রেকর্ড করতে হলে আপনার একটি টিভি লাইসেন্স থাকতে হবে।

এবং আপনি কি জানেন যে, বৈধ টি.ভি লাইসেন্স ছাড়া টেলিভিশন দেখছেন ধরতে পারলে, আপনাকে কোর্টে নিয়ে যাওয়া হতে পারে এবং 1,000 পাউণ্ড পর্যন্ত জরিমানা করা হতে পারে?

সুতরাং আপনি যদি টেলিভিশন ব্যবহার করেন, তাহলে এখনই আপনাকে লাইসেন্স কিনে নিতে হবে। টি.ভি লাইসেন্সের পয়সা পরিশোধ করার বিভিন্ন উপায় সম্পর্কে জানার জন্য অনুগ্রহ করে *"কিভাবে লাইসেন্স খরিদ করতে হয়"* অংশটি দেখুন।

আপনি কি আপনার টেলিভিশনে ইউ.কে-র বাইর থেকে সম্প্রচারিত স্যাটেলাইটের অনুষ্ঠানই শুধু দেখেন?

এর পরেও আপনার টি.ভি লাইসেন্স লাগাবে, এমন কি কেবলমাত্র ইউ.কে-র বাইর থেকে সম্প্রচারিত অনুষ্ঠান দেখলে বা রেকর্ড করলেও আপনার লাইনন্স থাকতে হবে।

সাপ্তাহিক কিস্তিতে টিভি লাইসেন্স ফি পরিশোধ করলে কি আপনার জন্য ভাল হবে?

আপনার টিভি লাইসেন্সের ফি সাপ্তাহিক ভাবে পরিশোধ করতে চাইলে আপনি টিভি লাইসেন্সিং পেমেণ্ড কার্ড পদ্ধতিতে সর্বনিম্ন 5 পাউণ্ড 50 পেনি করে কিস্তিতে তা পরিশোধ করে যেতে পারবেন। অনুগ্রহ করে এই নাম্বারে ফোন করবন: **08457 289 289**।

আপনি কি অদ্য নতুন বাসস্থানে এসেছেন?

যদি পুরোনো বাসস্থান ছেড়ে নতুন বাসস্থানে এসে থাকেন এবং আপনার আগের বাসস্থানের নামে টি.ভি লাইসেন্স থেক থাকে, তাহলে **0844 800 6728** নম্বরে ফোন করে আমাদেরকে তা জানিয়ে দিন অথবা আমাদের ওয়েবসাইটে যান: **www.tvlicensing.co.uk/moving**।

আপনার বয়স কি 75 বছর থেকে বেশি?

যদি আপনি, অথবা আপনার সাথে বসবাসকারী কোন লোকের বয়স 75 বছর কিংবা বেশি হয়, তাহলে আপনি হয়তোবা 75 বছরের বেশি বয়সের লোকদের জন্য বিনামূল্যে টিভি লাইসেন্স (free Over 75 TV Licence) দাবী করতে পারবেন। তবে, আপনাকে অবশ্যই আমাদের সাথে যোগাযোগ করে এটির জন্য দরখাস্ত করে নিতে হবে; অন্যথায় আপনাকে লাইসেন্স বিহীন হিসাবে ধরে নেয়া হবে। এখনই আমাদেরকে ফোন করুন: **0844 800 6728**। যদি বর্তমানে আপনার বয়স 74 বছর হয়, তাহলে এই নম্বরে ফোন করে আমাদের সাথে যোগাযোগ করে একটি স্বল্পমেয়াদের লাইসেন্স (Short Term Licence) এর ব্যবস্থা করে নিতে পারেন। আপনার বয়স 75 বছরে পৌছার পূর্ব পর্যন্ত স্বল্প মেয়াদের এই লাইসেন্সটি আপনাকে বৈধতা প্রদান করবে।

আপনি কি রেজিস্টার্ড ব্লাইণ্ড (নিবন্ধিত অন্ধ) বা আপনার কি দৃষ্টিশক্তিতে মারাত্মক বিকলতা রয়েছে?

আপনি 50% মূল্যহ্রাস পাওয়ার যোগ্য হতে পারেন। বিস্তারিত জানার জন্য দয়া করে ফোন করুন: **0844 800 6728**।

কোন টেলিভিশন নেই?

আপনি কোন টেলিভিশন ব্যবহার না করলে আপনার টি.ভি লাইসেন্স লাগবে না, তবে আমাদেরকে তা জানিয়ে নেবেন; যাতে আমরা আমাদের রেকর্ড ঠিক করে নিতে পারি। দয়া করে, আমাদের কাছে চিঠি লিখে জানাবেন যে, আপনার কোন টেলিভিশন নেই। চিঠি লিখার ঠিকানা হলো: TV Licensing, Bristol BS98 1TL. আপনার চিঠি পাওয়ার পরে আমরা আপনার সাথে যোগাযোগ করবো এবং আপনার পরিস্থিতি সম্পর্কে সুনিশ্চিত হয়ে নেবো।

কিভাবে লাইসেন্স খরিদ করতে হয়

একটি রঙিন টি.ভি লাইসেন্স এর মূল্য মাত্র £142.50 (সাদাকালো টেলিভিশনের লাইসেন্স £48.00 পেনি)। অনেক উপায়ে পয়সা পরিশোধ করা যায় নিম্নলিখিত পদ্ধতিসমূহ থেকে আপনার সুবিধা মতো যে কোন একটি পদ্ধতি বেছে নিন:

আপনার ব্যাংক একাউন্ট থেকে ডাইরেক্ট ডেবিটের মাধ্যমে। আপনি মাসিক, ত্রিমাসিক অথবা বার্ষিক ভাবে পরিশোধ করতে পারবেন। ডাইরেক্ট ডেবিটের মাধ্যমে পরিশোধের ব্যবস্থা করার জন্য আপনার ব্যাংকের বিস্তারিত বিবরণ সামনে রেখে আমাদেরকে **0844 800 6728** নাম্বারে ফোন করুন অথবা এই ওয়েবসাইটে যান: **www.tvlicensing.co.uk/dd**।

ডেবিট/ক্রেডিট কার্ড দিয়ে। ডেবিট/ক্রেডিট কার্ড, যেমন - Maestro, Delta, Solo, Visa, Visa Electron অথবা MasterCard, ইত্যাদি দিয়ে পরিশোধ করার জন্য ফোন করুন: **0844 800 6728**, ফোন করার সময় দয়া করে আপনার কার্ডের বিস্তারিত বিবরণ সামনে রাখবেন।

যে কোনো পেপয়েন্ট (PayPoint) দোকানে। নগদ পয়সা দিয়ে অথবা ডেবিট কার্ড দিয়ে কালার টেলিভিশনের পুরো লাইসেন্স ফি পরিশোধ করতে পারবেন।

পৌস্টের বা ডাকের মাধ্যমে। 'TV Licensing'এর নামে চেক লিখে সেটির অপর পৃষ্ঠায় আপনার নাম, ঠিকানা এবং পৌস্টকোড লিখে নিয়ে পাঠিয়ে দিন। চেক পাঠানোর ঠিকানা হলো: (TV Licensing, Bristol BS98 1TL) দয়া করে নগদ পয়সা পাঠাবেন না।

ওনলাইনে। আপনি **www.tvlicensing.co.uk**-এই ওয়েবসাইটে গিয়ে ওনলাইনে পয়সা পরিশোধ করতে পারবেন। ওনলাইনে পরিশোধ করতে হলে আপনার ক্রেডিট কার্ড অথবা ডেবিট কার্ড সামনে রাখতে হবে।

আপনার কোন প্রশ্ন থাকলে, পাঠক উপযুক্ত অন্য কোন ধরনে এই তথ্যটুকু চাইলে অথবা এই প্রচারপত্রের ব্যাপারে সাহায্যের দরকার হলে, দয়া করে **0844 800 6728** নম্বরে ফোন করবেন। বধির (ডেফ) এবং কানে কম শুনেন এমন লোকদের জন্য মিনিকমের ব্যবস্থা রয়েছে। মিনিকম নম্বর হলো: **0844 800 6778**।

অনুগ্রহ করে জেনে রাখুন যে টিভি লাইসেন্স সেইভিংস স্ট্যাম্পস কার্ডের পরিবর্তে এখন টিভি লাইসেন্সিং সেইভিংস কার্ড চালু করা হয়েছে। বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে এই নাম্বারে ফোন করবন: **0845 155 0326**।

এই প্রচারপত্রটি 2010 সালের মার্চ মাস পর্যন্ত বৈধ থাকবে

BENGALI/04/09

শর্তাবলী

সংজ্ঞা

আপনি বলতে লাইসেন্সে যে ব্যক্তির নাম লেখা থাকবে সেই ব্যক্তিকে বোঝাবে।
টিভি যন্ত্রসামগ্রী বলতে টেলিভিশনের ছবি গ্রহণকারী বা ছবি দেখা যায় এমন যে কোনো যন্ত্রসামগ্রীকে বোঝাবে।

একটি টিভি লাইসেন্স দরকার কেন?

- যে কোনো **টিভি যন্ত্রসামগ্রী**, যেমন টেলিভিশন সেট, ডিজিটাল বক্স, ভিডিও বা ডিভিডি রেকর্ডার, কম্পিউটার বা মোবাইল ফোন ব্যবহার করে সম্প্রচারকালীন সময়ে টেলিভিশনের প্রোগাম দেখতে বা তা রেকর্ড করতে হলে একটি টিভি লাইসেন্স থাকতে হবে।

লাইসেন্স থাকলে কি কি করার অনুমতি থাকবে?

একটি লাইসেন্স থাকলে
- লাইসেন্সকৃত গৃহে যে কোনো কেউ **টিভি যন্ত্রসামগ্রী** স্থাপন এবং তা ব্যবহার করতে পারবেন
- গাড়িতে, নৌকায় বা ক্যারাভানে:
  – **আপনি** এবং লাইসেন্সকৃত গৃহে সচরাচর আপনার সাথে থাকেন এমন কেউ **টিভি যন্ত্রসামগ্রী** স্থাপন এবং তা ব্যবহার করতে পারবেন (তবে একই সময়ে লাইসেন্সকৃত গৃহে এবং ভ্রমনে রত নয় এমন ক্যারাভানে **টিভি যন্ত্রসামগ্রী** ব্যবহার করা যাবে না)।
  – লাইসেন্সকৃত স্থানে সাধারণত কাজ করেন এমন যে কোনো কেউ **টিভি যন্ত্রসামগ্রী** স্থাপন এবং তা ব্যবহার করতে পারবেন (তবে গাড়ি, নৌকা বা ক্যারাভানটি ব্যবসার কাজে ব্যবহার করা হতে থাকতে হবে)।

আভ্যন্তরীণ ব্যাটারি চালিত **টিভি যন্ত্রসামগ্রী** যে কোনো স্থানে ব্যবহার করা:
- **আপনি** এবং **আপনার** সাথে লাইসেন্সকৃত বাসস্থানে সচরাচর থাকেন এমন যে কোনো কেউ তা পারবেন।

আপনার লাইসেন্সে কি কি অন্তর্ভুক্ত নয়?

- আপনার বাসস্থানের এমন কোনো অংশ যে অংশটিতে অন্য কেউ, যেমন টেন্যান্ট (ভাড়াটে), লজার, পয়সার বিনিময়ে থাকেন এমন মেহমান পৃথক ভাবে থাকেন, যারা আপনার পরিবারের সদস্য নন।
- লাইসেন্সকৃত গৃহের এমন কোনো অংশ যেটি স্বয়ংসম্পূর্ণ অর্থাৎ তাতে পৃথক ভাবে সকল সুবিধা যেমন থাকার, রান্নার, গোসলের, টয়লেটের, ইত্যাদির সুবিধা রয়েছে।
- লাইসেন্সকৃত স্থানের এমন কোনো অংশ (ব্যক্তি মালিকানাধীন ঘরবাড়ির অংশ বাদে), যেখানে কেউ চুক্তির বা অন্য কোনো কিছুর ভিত্তিতে অবস্থান করছেন।
- রঙিণ **টিভি যন্ত্রসামগ্রী** জন্য সাদা কালো টিভি লাইসেন্স বৈধ হবে না। তবে সাদা কালো টেলিভিশন সেটের সাথে একটি ডিজিটাল বক্স স্থাপন করা থাকলে বা ব্যবহার করা হলে এবং টেলিভিশনের প্রোগাম রেকর্ড করার উপযোগী করে ডিজিবক্স সেট করা না থাকলে তা বৈধ হবে।

লাইসেন্সের শর্তাবলী

- লাইসেন্স ফি অবশ্যই পরিশোধ করতে হবে।
- **আপনার** প্রতি নোটিস জারি করে বা বিবিসি–র ওয়েবসাইটে সর্বসাধারণের অবগতির জন্য নোটিস প্রকাশ করে, এবং বিবিসি কর্তৃপক্ষ যথাযথ মনে করলে, অন্যান্য জাতীয় যোগাযোগ মাধ্যমে একটি নোটিস প্রকাশ করে যে কোনো লাইসেন্স বাতিল করা হতে পারে, তা ফেরত চাওয়া হতে পারে বা লাইসেন্সের শর্তাবলী নবায়ন করা হতে পারে।
- আমাদের অফিসাররা যে কোনো সময় লাইসেন্সকৃত স্থানে গিয়ে আমাদের কাছে রক্ষিত তথ্যের সত্যতা যাচাই করে নিতে এবং **টিভি যন্ত্রসামগ্রী** পরীক্ষা করে নিতে পারেন, তবে তাদেরকে ঘরে প্রবেশ করতে দিতে আপনি বাধ্য নন।
- **আপনার টিভি যন্ত্রসামগ্রী** দ্বারা অন্য কোনো রেডিও শোনায় বা টেলিভিশন দেখায় অযথা বাধা দান করতে বা তাতে হস্তক্ষেপ করতে পারবেন না।
- 2003 সনের দি কমিউনিক্যাশন্স আইনের (The Communications Act 2003) এর ক্ষমতাবলে 'লাইসেন্সিং অথোরিটি' আপনার লাইসেন্সটি প্রদান করেছেন।